

জাভাস্ক্রিপ্টের সাহায্যে বাংলা ইউনিকোডের অবস্থান নির্ণয়

জাভাস্ক্রিপ্টে খুব সংক্ষিপ্ত কোডের সাহায্যে আপনি বাংলা ইউনিকোড ক্যারেকটারগুলোর মান এবং অবস্থান দু'টিই জানতে পারবেন। এই কোডটি শুধুমাত্র উইন্ডোজ এক্সপি/২০০৩/ভিস্তা অপারেটিং সিস্টেমে কাজ করবে। উইন্ডোজ ২০০০ এ পরীক্ষা করে দেখা হয়নি। আর যেহেতু উইন্ডোজ ৯৫/৯৮/এমই অপারেটিং সিস্টেমগুলো ইউনিকোড সাপোর্ট করে না, তাই এই কোডটি উল্লেখিত অপারেটিং সিস্টেমগুলোতে কাজ করবে না।

এছাড়া যে কোন ইউনিকোড সাপোর্টেড ইউনিয়ন অপারেটিং সিস্টেমেও (যারা বাংলা সাপোর্ট করে অথবা আপনি ম্যানুয়ালি বাংলা ফন্ট ইনস্টল করে নিতে পারেন) এই কোডটি রান করবে।


আপনার পছন্দের টেক্সট এডিটর ওপেন করে নিচের কোডটি টাইপ করুন:

```
<font size="5">
<script language="javascript" type="text/javascript">
<!--


for(i = 2437; i <= 2554; i++)
{
    //This line will print Bangla characters
    document.write ("&#" + i + ";");
    //And this line will print their UNICODE position
    document.write (" = " + i + "<br>");
}

//-->
</script>
</font>
```

এবার ফাইলটিকে যে কোন নাম দিয়ে **.html** এক্সটেনশনসহ সেভ করুন। এবার আপনার পছন্দের ওয়েব ব্রাউজারে এর আউটপুট দেখুন। এখানে উল্লেখ্য যে, **i** ভ্যারিয়েবলটি যে মান প্রকাশ করবে, তার সম্মুখে **&#** চিহ্ন দু'টি ধরে নিতে হবে আর শেষে একটি সেমিকোলন ধরে নিতে হবে। যেমন ধরুন, **i** ভ্যারিয়েবলটি যদি **2460** প্রকাশ করে, তাহলে একে **জ** ধরে নিতে হবে। উইন্ডোজ অপারেটিং সিস্টেমে অপেরা ওয়েব ব্রাউজারে কোডটির আউটপুট দেখুন:



এবার লিনাক্স অপারেটিং সিস্টেমে ফায়ারফক্স ওয়েব ব্রাউজারে কোডটির আউটপুট দেখুন:



-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল: shuvorim@yahoo.com

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>